দামুড়হুদায় সুবিধাভোগীদের সাথে এমপি টগরের মতবিনিময় সভা

বাংলাদেশ এখন উন্নয়নের মডেল হিসাবে সারা বিশ্বে পরিচিত লাভ করেছে। আওয়ামীলীগ সরকার ক্ষমতায় আসার একের পর এক উন্নয়নের ধারা অব্যহত রয়েছ। জাতির জনক বঙ্গবন্ধু স্বপ্ন দেখেছিলেন দারিদ্র্য খুদা নিরক্ষর মুক্ত একটি সোনার বাংলাদেশ। জাতির জনকের স্বপ্ন পৃরনে তারিউ সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশ ও জাতির উন্নয়নে কাজ করে যাচ্ছেন নিরন্তর। দেশের প্রতিবন্ধী ও অসহায় মানুষের কষ্ট লাগবে গ্রহন করেছে নানামুখী কর্মসৃচী। বয়স্কভাতা বিধবাভাতা মাতৃকালীনভাতা ও মুক্তিযোদ্ধা ভাতা ব্যাবস্থা করেছে। কোন মেধামী ছাত্র অর্থের অভাবে ঝরে না পড়ে সেজন্য শিক্ষা ভাতা বছরের শুরুতে বিনামূল্য বই দেওয়া হচ্ছে। রাস্তা ঘাট ব্রীজ মসজিদ, মুন্দির, স্কুল কলেজ মাদ্রাসা অসংখ্য বভনসহ অবকাঠামো উন্নয়ন করেছে শেখ হাসিনা সরকার।তাই আসুন উন্নয়নের অগ্রযাত্রা ধরে রাখতে আবারো নৌকা মার্কায় ভোট দিয়ে জননেত্রী শেখ হাসিনাকে সরকার গঠনে ঐক্য বদ্ধ হয়ে কাজ করি।দামুড়হুদা উপজেলায় ইউনিয়ন পর্যায়ে বর্তমান সরকারের সামাজিক সুরক্ষা কর্মসূচির আওতায় সুবিধাভোগী ব্যাক্তিদের নিয়ে মতবিনিময় সভায় চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর এসব কথা বলেন।

গতকাল বৃহস্পতিবার সকাল ১০টার দিকে দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের আয়োজনে কুড়ুলগাছি ফুটবল মাঠে আয়োজিত এ মতবিনিময় সভায় দামুড়হুদা উপজেলা নির্বাহি অফিসার রোকসানা মিতার সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

এসময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা আ লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, দর্শনা পৌর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক গোলাম ফারুক আরিফ,দর্শনা কেরুর প্রশাসন বিভাগের সাবেক এডিএম শেখ শাহাব উদ্দীন, কুড়ুলগাছি ইউনিয়ন আ লীগের সভাপতি এম হাবিবুল্লাহ বাহার, সাধারণ সম্পাদক মোঃ সরোয়ার হোসেন, সহসভাপতি ওসমান গনি, সাবেক চেয়ারম্যান শাহ

মোঃ এনামুল করিম ইনু, সাংগঠনিক সম্পাদক হাসমত আলী, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট প্রমুখ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা উপজেলা সমাজ সেবা অফিসার মোফাজ্জেল হোসেন। অনুষ্ঠাটির আযোজন করেন কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ কামাল উদ্দীন।

কুড়ুলগাছি ইউনিয়ন যুবলীগের প্রস্তুতিসভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আয়োজনে তরুন্যর জয়যাত্রা প্রোগাম সফল করার জন্য আজ রবিবার বিকাল ৪ টার দিকে কুড়ুলগাছি ইউনিয়ন যুবলীগের আয়োজনে ইউনিয়ন পরিষদ হলরুমে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

কুড়ুলগাছি ইউনিয়ন সভাপতি দেলোয়ার হোসেন বিপু ‘র সভাপতিত্বে অনুষ্ঠানে এ সময় আরো উপস্থিত ছিলেন

সাধারণ সম্পাদক রিপন, সহ সভাপতি, আলমগীর,তারিকুল, সঞ্জয়, মামুন অর রশিদ,যুগ্ম সম্পাদক শিমুল, শেখ সুমন,সাংগঠনিক সম্পাদক মামুন, অর্থ সম্পাদক রবিউল ইসলাম, মুক্তিযোদ্ধা সম্পাদক, আবুল কালাম আজাদ, সহ সম্পাদক ওয়াজ,খালিদ,সদস্য, লাবলু, আলমগীর, বকুল, মাছুম, জসিম, সামাদ,আরিফ , খোকন, কালু প্রমুখ।

৬৩৮ জন সদস্যদের মাঝে নগদ অর্থ

প্রদান

দামুড়হুদার কুড়ুলগাছি আদর্শ কৃষক সমবায় সমিতির লি: এর সকল সদস্যদের মাঝে নগদ অর্থ প্রধান করা হয়েছে।

গতকাল রোববার সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে সমিতির কার্যালয়ের হলরুমে ৬৩৮ জন সদস্যদের মাঝে নগদ ১ হাজার টাকা করে সমিতির লভ্যাংশ থেকে দেওয়া হয়।

একাধিক বার স্বর্ণপদক প্রাপ্ত কুড়ুলগাছি আদর্শ কৃষক সমবায় সমিতির সভাপতি মিজানুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কুড়ুলগাছির কৃতি সন্তান, উক্ত সমিতির প্রধান উপদেষ্টা আমার সংবাদ পত্রিকার সম্পাদক ও প্রকাশক হাশেম রেজা।

এসময় উপস্থিত ছিলেন, সমিতির সহ সভাপতি ফিরোজ আহম্মেদ, আবু হানিফ, উপদেষ্টা মন্ডলীর সদস্য মিন্টু তরফদার, আফতাব উদ্দিন, আব্দুল কুদ্দুস, জুলফিকার আলি জুলু, আবু সাইদ, আব্দুল মজিদসহ স্থানীয় সুধী জন, সমিতির নির্বাচিত কার্যনির্বাহী কমিটির সদস্য ও সাধারণ সদস্যরা।

কুড়ুলগাছি আদর্শ কৃষক সমবায় সমিতির লি: প্রধান উপদেষ্টা জনাব মোঃ আবু হাশেম রেজার একান্ত প্রচেষ্ঠার উদ্যোগ ও মানসিক, শারীরিক পরিশ্রমের সমিতি তার নিজ অবস্থান ফিরে পাওয়ায় সমিতির ৬৩৮ জন সদস্যকে নগদ ১ হাজার টাকার লভ্যাংশ বিতরণ করা হয়। মোট ৬ লক্ষ ৩৮ হাজার টাকা বিতরণ করা হয়েছে।

দামুড়হুদার কুড়ুলগাছিতে এসএসসি ও এইচএসসি জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীদের সংবর্ধনা

দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদ মিলনায়তনে কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের অধীনে ২০২২ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষায়

জিপিএ-৫ প্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের “সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকাল ৩টায় কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিনের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা। তিনি বলেন কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের অধীনে ২০২২ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের জন্য যে সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে এর জন্য আমি আয়োজকদের ধন্যবাদ জানাই, আমি আরো ধন্যবাদ ও শুভেচ্ছা জানায় জিপিএ-৫ প্রাপ্ত সকল কৃতি শিক্ষার্থীদের। তোমরা আমাদের এই সোনার বাংলাদেশের আগামী দিনের চালিকাশক্তি হবে, তোমরা হবে দেশ ও জাতীর ভবিষ্যত। তোমরা শুধু মেধাবী হলেই চলবেনা তোদের সকলে ভালো মানুষ হতে হবে এই আশা রাখবো।

উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কুড়ুলগাছি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামীলীগ সভাপতি হাবিবুল্লাহ বাহার, সাধারন সম্পাদক সরোয়ার হোসেন, আবকাইজার নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের পরিচালক আবু হেনা, কুড়ুলগাছি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমীন, সদাবরী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ওবায়দুল্লাহ, কুড়ুলগাছি দাখিল মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার আঃ রহিম, সাংবাদিক আলী আজগর সোনা, কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদ সচিব শাহাবুবুর রহমান, কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের প্রতিটি ওয়ার্ডের মেম্বার ও মহিলা মেম্বারগণ, স্থানীয় সুধীজন, বিভিন্ন ইলেকট্রনিকস ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ, জিপিএ-৫ প্রাপ্ত কৃতি ছাত্র-ছাত্রী, অভিভাবক বৃন্দ, ইউনিয়ন পরিষদের কর্মচারীবৃন্দ সহ এলাকাবাসী।

কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃ কামাল উদ্দিন তার সমাপনী বক্তব্যে বলেন, আমাদের কুড়ুলগাছি ইউনিয়নের মেধাবী কোন ছাত্র-ছাত্রী কলেজ-ইউনিভার্সিটিতে ভর্তি হতে আর্থিক সহযোগিতার প্রয়োজন হলে তিনি সকল ধরনের সহযোগিতা করবেন বলে ঘোষণা দেন।

উল্লেখ্য, এসএসসিতে জিপিএ-৫ প্রাপ্ত ২৬ জন এবং এইচএসসিতে জিপিএ-৫ প্রাপ্ত ১৮ জন ছাত্র-ছাত্রীকে আলোচনা সভা শেষে ২০২২ ইং সালের কুড়ুলগাছি ইউনিয়নের বিভিন্ন গ্রামের যে সকল ছাত্র-ছাত্রীরা এসএসসি ও এইচএসসিতে জিপিএ-৫ প্রাপ্ত হয়েছে তাদের হাতে ক্রেস্ট

তুলে দেয়া হয়।

অনুষ্ঠানটি উপস্থাপনা করেন কুড়ুলগাছি ইউনিয়নের ৯নং ওয়ার্ড মেম্বার দেলোয়ার হোসেন বিপু।

কুড়ুলগাছির মামুন স্টোরে দিনে দুপুরে আবারো প্রায় ৪ লক্ষ টাকা চুরি

দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি বাজারের মের্সাস মামুন স্টোরে এবার দিনে দুপুরে চুরির ঘটনা ঘটেছে।

১২ ফেব্রুয়ারি গতকাল শুক্রবার জুম্মার নামাযের সময় দোকানের টিনের চালা কেটে চোরেরা আনুমানিক ৩ লক্ষ ৭০ হাজার টাকা চুরি করে নিয়ে গেছে বলে দাবী করছেন দোকান মালিক আল মামুন (বাবু)। চুরির ঘটনায় দোকানে থাকা সিসি ক্যামেরায় চোরকে সনাক্ত করতে চেষ্টা চালানো হচ্ছে। এই ঘটনায় দর্শনায় থানার এস আই সাইফুল ইসলাম ঘটনাস্থল পরিদর্শন করছেন।

দোকানের মালিক আল মামুন (বাবু) জানান, প্রতিদিনের ন্যায় গতকাল শুক্রবার দোকানের বেচাকেনা শেষ করে দোকান বন্ধ করে জুম্মার নামাযের জন্য বাড়ি চলে যায়। নামায শেষে বাড়িতে এসে সিসি টিভি ক্যামেরায় দোকানের জিনিস এলোমেলো দেখে সন্দেহ হলে দ্রুত দোকানে গিয়ে দেখি দোকানের মালামাল ক্রয় করার জন্য রাখা ৩ লক্ষ ৭০ হাজার টাকা চুরি করে নিয়ে গেছে চোরচক্র।

দোকানে থাকা সিসি টিভি ক্যামেরায় চোরকে সনাক্তের চেষ্টা চালানো হচ্ছে। ভিডিও ফুটেজ ঝাপসা হওয়াতে সনাক্তের কাজে একটু সমস্যা হচ্ছে।

দর্শনা থানার এস আই সাইফুল ইসলাম জানান, সিসি ক্যামেরায় ধারন হওয়া ফুটেজ দেখে চোরকে সনাক্তের চেষ্ঠা চালানো হচ্ছে। তবে এই রির্পোট লেখা পর্যন্ত পুলিশ ভিডিও পর্যবেক্ষণ করছেন।

[redacted]

[redacted]